মেহেরপুরের নবাগত ইউএনও বাবলু সুত্রধরের যোগদান

মেহেরপুর সদরের নবাগত উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) বাবুল সুত্রধর যোগদান করেছেন। তিনি আজ থেকে দায়িত্ব পালন করবেন।

সোমবার দুপুরে নবাগত উপজেলা নির্বাহী অফিসার বাবলু সূত্রধর মেহেরপুর সদর উপজেলা পরিষদে এসে পৌঁছালে বিদায়ী ইউএনও মোঃ খায়রুল ইসলাম তাকে ফুলেল শুভেচ্ছা জানান। পরে বিদায়ী ইউএনও মোঃ খায়রুল ইসলাম সদর উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের সঙ্গে নবাগত ইউএনও বাবলু সূত্রধরের পরিচয় করিয়ে দেন।

এ সময় উপস্থিত ছিলেন সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আঞ্জুমান আরা, সদর থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবির, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সাইদুর রহমান, উপজেলা শিক্ষা অফিসার মনিরুল ইসলামসহ উপজেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তারা।

নবাগত উপজেলা নির্বাহী অফিসার বাবলু সূত্রধর বলেন, সকলের সহযোগিতা নিয়ে তিনি মেহেরপুর সদর উপজেলায় সুষ্ঠু ও জনবান্ধব প্রশাসন গড়ে তুলতে কাজ করতে চান।